দৈনিক ইনকিলাব

তারিখ APR 16 1999
পৃষ্ঠা ১৭ কলাম ৩

57

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে কাল ভর্তি পরীক্ষা ঃ ছাত্রদল ও শিবিরের ধর্মঘটের ডাক

ইঃ বিঃ রিপোর্টার ঃ চরম অস্থিতিশীল ও ঝুঁকিপূর্ণ পরিবেশের মধ্য দিয়ে আগামীকাল ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি পরীক্ষা শুরু হতে যাচ্ছে। জাতীয়তাবাদী ছাত্রদল ও ইসলামী ছাত্র শিবির আগামী ১৭ থেকে ২৪ এপ্রিল পর্যন্ত ইঃ বিঃ ক্যাম্পাস এবং ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কে ধর্মঘট আহবান করেছে। পক্ষান্তরে বিশ্ববিদ্যালয় প্রশাসন পরীক্ষা গ্রহণের জন্য কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে। ইঃ বিঃ শিক্ষক সমিতি ভর্তি পরীক্ষা গ্রহণে নীতিগতভাবে প্রস্তুত থাকলেও পরিবেশ স্বাভাবিক না হলে ভর্তি পরীক্ষার দায়িত্ব পালন করবে না। গতকাল এক জরুরী সাধারণ সভায় বাক-বিতন্ডার মধ্য দিয়ে এ সিদ্ধান্ত গৃহীত হয়। রাজনৈতিক নিষেধাজ্ঞা লংঘন করে গতকালও ছাত্রদল ও ইসলামী ছাত্র শিবির ক্যাম্পাসে ধর্মঘটের সমর্থনে এবং ভিসিবিরোধী মিছিল করায় উত্তপ্ত পরিস্থিতি বিরাজ করছে। বিক্ষোভ মিছিল শেষে অনুষ্ঠিত পৃথক পৃথক সমাবেশ থেকে সংগঠন দুটি উক্ত ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করে। ছাত্র সংগঠন দুটি বলেছে, দীর্ঘ ২ মাস যাবত নিয়মতান্ত্রিক আন্দোলন সত্ত্বেও কর্তৃপক্ষ দাবী মেনে না নেয়ায় আমরা এই কর্মসূচী দিতে বাধ্য হয়েছি। শান্তিপূর্ণ পরিবেশে ভর্তি পরীক্ষা সম্পন্ন করা হবে এই অজুহাতে বিশ্ববিদ্যালয় প্রশাসন দু'দুবার পরীক্ষা পিছিয়ে দিয়েছে। অথচ সমঝোতা ছাড়াই অস্থিতিশীল পরিবেশের মধ্য দিয়ে আবারো পরীক্ষা গ্রহণের প্রচেষ্টা চলছে।